

সমাবর্তন ঘিরে বিভিন্ন অসংগতির ব্যাখ্যা দিল চবি

চবি প্রতিনিধি

১৭ মে, ২০২৫ ১৫:৪৫

শেয়ার

অ +

অ -



ছবি : কালের কণ্ঠ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সদ্য অনুষ্ঠিত সমাবর্তন ঘিরে বিভিন্ন অসংগতির বিষয়ে ব্যাখ্যা দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

শনিবার (১৭ এপ্রিল) বেলা ১১টায় পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে এক মতবিনিময় সভায় এই ব্যাখ্যা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এনায়েত উল্যা পাটওয়ারী।

তিনি বলেন, ‘সমাবর্তনের কিছু ব্যবস্থাপনায় ত্রুটি ছিল, তবে আমরা সেসব বিষয়ে অবগত এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছি।

সমাবর্তনের দিন (১৪ এপ্রিল) শীতলীকরণ ব্যবস্থার ঘাটতির বিষয়ে তিনি বলেন, নিরাপত্তা বাহিনীর (এসএসএফ) নির্দেশনায় অতিরিক্ত একটি প্যাডেল স্থাপন করা হয়, তবে সেখানে ফ্যান বা এয়ার কুলার সরবরাহ করা সম্ভব হয়নি।

যার ফলে উপস্থিত শিক্ষার্থী ও অতিথিদের ভোগান্তি হয়।

পানির সরবরাহ প্রসঙ্গে তিনি জানান, এসএসএফ বোতলজাত পানি সরবরাহে অনুমতি না দেওয়ায় কয়েক হাজার ওয়ান টাইম গ্লাস সরবরাহ করা হয়। তবে সেগুলোর সুষ্ঠু বিতরণে স্বেচ্ছাসেবকদের ব্যর্থতা থাকায় বিশৃঙ্খলা সৃষ্টি হয়।

সার্টিফিকেট বিলম্ব প্রসঙ্গে তিনি জানান, প্রায় ৫৫ জন গ্র্যাজুয়েটের তথ্যগত ভুলের কারণে সার্টিফিকেট তৈরিতে অতিরিক্ত সময় লেগেছে।

এসব ভুল সংশোধন করতেই প্রায় ২.৫ মাস সময় ব্যয় হয়। তিনি বলেন, সংশোধনের প্রয়োজন হলে দ্রুত সরবরাহ নিশ্চিত করা হবে।

সার্টিফিকেটের কাগজের মান নিয়ে প্রশ্ন ওঠলে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও ছাগলের জলছাপ সংক্রান্ত একই সমস্যা হয়েছিল। ফলে কাগজের গুণগত মান উন্নয়ন করা সম্ভব হয়নি।

তবে যেসব প্রতিষ্ঠান এ দায়িত্বে ছিল, তাদের জবাবদিহির আওতায় আনা হবে।

পরিবহন ব্যবস্থা নিয়ে এনায়েত উল্যা পাটওয়ারী বলেন, সমাবর্তনের দিন যাতায়াত নিয়ে কিছু অভিযোগ পেয়েছি। তবে আমি রাত ১০টার দিকে নিজে বের হয়ে দেখি, অক্সিজেন মোড় হয়ে প্রায় ১০০টি বাস নির্বিঘ্নে চলাচল করছে।

তখন যাতায়াত স্বাভাবিক ছিল।

তিনি আরো জানান, সমাবর্তনে অংশগ্রহণকারীদের জন্য মাথাপিছু ৫০০ টাকা বরাদ্দে খাবার সরবরাহ করা হয়েছে এবং নিরাপত্তায় নিয়োজিত ছিল ২ হাজার ৫০০ জন পুলিশ সদস্য।

সভা শেষে তিনি বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সমাবর্তনে কিছু অসংগতি ও দুর্বল ব্যবস্থাপনার জন্য আন্তরিক দুঃখ প্রকাশ করেন।